

রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

বিপদ-কষ্টে নিপতিত ব্যক্তির দু'আ

যিকর নং ১৮১ : বিপদ-কষ্টে নিপতিত ব্যক্তির দু'আ

إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ، اللَّهُمَّ اجْرُنِي فِي مُصِيبَتِي، وَأَخْلِفْ لِي خَيْرًا مِنْهَا

উচ্চারণ: ইন্না- লিল্লা-হি ওয়া ইন্না- ইলাইহি রা-জিউন। আল্লা-হুম্মাত্ জুরনী ফী মুসীবাতী ওয়া আখলিফ লী খাইরাম মিনহা-।

অর্থ: নিশ্চয় আমরা আল্লাহর জন্য এবং নিশ্চয় তাঁর কাছেই আমরা ফিরে যাব। হে আল্লাহ আপনি আমাকে এই বিপদ মুসিবতের পুরস্কার প্রদান করুন এবং আমাকে এর পরিবর্তে এর চেয়ে উত্তম কিছু প্রদান করুন।

উম্মুল মু'মিনীন উম্মু সালামাহ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহকে (সা.) বলতে শুনেছি, যদি কোনো মুসলিম বিপদগ্রস্ত হয়ে এই কথাগুলি বলে তাহলে আল্লাহ তাকে অবশ্যই উক্ত ক্ষতির পরিবর্তে উত্তম বিষয় দান করে ক্ষতিপূরণ করে দিবেন। উম্মু সালামাহ বলেন, আমার স্বামী আবু সালামাহর মৃত্যুর পরে আমি চিন্তা করলাম, আবু সালামাহর চেয়ে আর কে ভালো হতে পারে! ... তারপরও আমি এই কথাগুলি বললামঃ। তখন আল্লাহ আমাকে আবু সালামাহর পরে রাসূলুল্লাহকে (সা.) স্বামী হিসাবে প্রদান করেন।[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম ১/৬৩১-৬৩২, নং ৯১৮।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=8848>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন